

2024-06

Career and Networking Day 2024

Prothom Alo

<https://ar.iub.edu.bd/handle/11348/1118>

Downloaded from IUB Academic Repository



> ক্যাম্পাস

আইইউবিতে ক্যারিয়ার অ্যান্ড নেটওয়ার্কিং ডে

দেশের প্রায় সব খাতের প্রতিষ্ঠান আইইউবির ক্যারিয়ার ডেতে অংশ নেয়।





একশর বেশি প্রতিষ্ঠানের অংশগ্রহণে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশে (আইইউবি) হল বার্ষিক ক্যারিয়ার অ্যান্ড নেটওয়ার্কিং ডে-২০২৪।

আইইউবি এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, টেলিকম অপারেটর, ফার্মাসিউটিক্যাল, প্রযুক্তি, খাদ্য ও কোমল পানীয়, উন্নয়ন সংস্থা, গণমাধ্যম, বিজ্ঞাপন, স্টার্টআপ, মানবসম্পদ ব্যবস্থাপনা প্রতিষ্ঠানসহ দেশের প্রায় সব খাতের প্রতিষ্ঠান আইইউবির ক্যারিয়ার ডেতে অংশ নেয়।

বুধবার বিশ্ববিদ্যালয়ের মাল্টিপারপাস হলে উদ্বোধনী অনুষ্ঠানে আইইউবির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান দিদার এ হোসেইন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, “মন থেকে ভালোবেসে কাজ করা যায় এমন ক্যারিয়ার বেছে নিতে হবে। বেতন বা সুযোগ-সুবিধার কথা ভেবে প্রলুব্ধ হলে চলবে না। যে প্রতিষ্ঠানে কাজ করছ, সেই প্রতিষ্ঠানের পরিবেশ কেমন সেটা আগে দেখতে হবে এবং বুঝতে হবে তুমি সেই পরিবেশে ভালো করতে পারবে কিনা।”

আইইউবির উপাচার্য অধ্যাপক তানভীর হাসান বলেন, “আমরা আমাদের শিক্ষার্থীদের কাজের জন্য যোগ্য করে গড়ে তোলার ওপর জোর দিয়ে থাকি। তার জন্য অ্যাকাডেমিক শিক্ষার চেয়ে বাড়তি অনেক কিছু প্রয়োজন হয়, যেমন পেশাদারিত্ব, কাজের ক্ষেত্রে শিষ্টাচার এবং নেটওয়ার্কিং।”

অন্যদের মধ্যে আইইউবি'র উপ-উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, এবিসি গ্রুপের নির্বাহী পরিচালক এবং কর্পোরেট এইচআর এর প্রধান এন এ এম নিয়ামুল ইসলাম, আইইউবির ক্যারিয়ার গাইডেন্স প্লেসমেন্ট অ্যান্ড অ্যালামনাই রিলেশন্স অফিসের (সিজিপিঅ্যান্ডএআর) সহকারী পরিচালক ও প্রধান শারমীন ইসলাম অনুষ্ঠানে বক্তব্য দেন।

রবি, স্কয়ার, হা-মীম গ্রুপ, এবিসি গ্রুপ, পূর্বাণী গ্রুপ, এসিআই, বসুন্ধরা, ডোরিন গ্রুপ, ডানকান, রেনাটা, ম্যারিকো, নিটল-নিয়ল গ্রুপ,

অফ সিলন, আইডিএলসি, লংকাবাংলা সিকিউরিটিজ, জিজিকন টেকনোলজিস, প্রথম আলো, ডিবিসি নিউজ, ম্যাগনিটো ডিজিটাল অনুষ্ঠানে অংশ নেয়।

আইইউবির ক্যারিয়ার গাইডেন্স প্লেসমেন্ট অ্যান্ড অ্যালামনাই রিলেশন্স (সিজিপিঅ্যান্ডএআর) অফিসের আয়োজনে ক্যারিয়ার অ্যান্ড নেটওয়ার্কিং ডে-তে বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিরা দিনভর শিক্ষার্থী এবং শিক্ষকদের সঙ্গে কথা বলেন এবং আগ্রহী শিক্ষার্থীদের কাছ থেকে সিভি সংগ্রহ করেন।



গুগল নিউজে বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম কে ফলো করুন

আইইউবি

